বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

# প্রজ্ঞাপন

তারিখঃ ২৬ অক্টোবর, ২০২১ খ্রিস্টাব্দ/ ১০ কার্তিক, ১৪২৮ বঙ্গাব্দ

১৭.০০.০০০০.০৪৫.৩৬.০০২.২০-১৪২।-The Representation of the People Order, 1972 (P.O. No. 155 of 1972) এর Article 89A-তে প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে গত ১৪ অক্টোবর, ২০২১ খ্রিঃ তারিখে-১০.০০.০০০০.১২৫.২৫.০০৮.১৮.৪৪৫ নং স্মারকমূলে জারীকৃত পত্রের প্রেক্ষিতে উক্ত Order এর Article 89A তে উল্লিখিত Article 73(2B), Article 74(2A), (3), (4), (5), (6), Article 78, Article 79, Article 80, Article 81(1) এবং Article 82 এর অধীন নির্বাচনি অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এর section 190 এর sub-section (1) এর অধীন আমলে নেয়া এবং তা সংক্ষিপ্ত পদ্ধতিতে বিচারের নিমিত্ত নিম্ন তফসিলের ৩নং কলামে বর্ণিত নির্বাচনি এলাকার জন্য ৪নং কলামে বর্ণিত বিচার বিভাগীয় কর্মকর্তাকে ভোটগ্রহণের পূর্বের দু'দিন, ভোটগ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দু'দিন অর্থাৎ ৩১ অক্টোবর, ২০২১ খ্রিঃ হতে ০৪ নভেম্বর, ২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট হিসেবে নিয়োগ প্রদান করলঃ

**"তফসিল"**

| ক্রমিক নং | নির্বাচনি এলাকার নম্বর ও নাম | নির্বাচনি এলাকার বিস্তৃতি | কর্মকর্তার নাম, পদবী ও কর্মস্থল |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১ | ৬৭ সিরাজগঞ্জ-৬ | (ক) শাহজাদপুর উপজেলার শাহজাদপুর পৌরসভাসহ নিম্নলিখিত ইউনিয়নসমূহঃ (১) কায়েমপুর (২) গাড়াদহ (৩) পোতাজিয়া (৪) রূপবাটি (৫) গালা ও (৬) পোরজনা | জনাব গোলাম রব্বানী<br>জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, শাহজাদপুর চৌকি, সিরাজগঞ্জ |
| ০২ | | (খ) শাহজাদপুর পৌরসভা ও ক্রমিক 'ক' এ বর্ণিত ইউনিয়ন ব্যতীত বাকী ইউনিয়নসমূহ | জনাব মোঃ আসাদুজ্জামান<br>সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, সিরাজগঞ্জ |

২। উল্লিখিত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্বপ্রাপ্ত নির্বাচনি এলাকায় এই নিয়োগপত্রের বিপরীতে সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতঃ সংশ্লিষ্ট সকল-কে অবগত করবেন।

৩। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক দায়িত্ব পালনকালে কোন নির্বাচনি অপরাধসমূহ বিচারার্থে আমলে নেয়া হলে তদমর্মে প্রতিবেদন নির্বাচন কমিশন সচিবালয়ের উপ-সচিব (আইন) এর web mail address (ds_law@ecs.gov.bd) এ নিম্নোক্ত ছকে প্রেরণ করবেন।

**ছক**

নির্বাচনি এলাকাঃ

| ক্রম | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের নাম, পদবি ও মোবাইল নম্বর | অভিযোগকারীর নাম ও ঠিকানা | যার বিরুদ্ধে অভিযোগ আনয়ন করা হয়েছে তার নাম ও ঠিকানা | অভিযোগের তারিখ ও সংক্ষিপ্ত বিবরণ | অভিযোগের বিষয়ে গৃহিত ব্যবস্থার বিবরণ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |

৪। দায়িত্বপ্রাপ্ত জুডিসিয়াল সার্ভিসের কর্মকর্তাগণকে নির্বাচনি দায়িত্ব পালনের নিমিত্ত অবমুক্ত করার জন্য সংশ্লিষ্ট চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে অনুরোধ করা হলো।

৫। উক্ত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্ব পালনকালে ০১(এক) জন বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারীকে সহকারী হিসেবে সঙ্গে নিতে পারবেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁদের নিজ নিজ অফিস প্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৬। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট এলাকায় দায়িত্বপালনকালে প্রয়োজনীয় যানবাহন সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসককে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৭। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় আদালত পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় সংখ্যক সশস্ত্র পুলিশ নিয়োগ করার জন্য সংশ্লিষ্ট পুলিশ সুপার-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

৮। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ ও সংশ্লিষ্ট বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারী বিধি মোতাবেক যাতায়াত ভাতা/দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রাপ্ত হবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

২৬/১০/২০২১

(আফরোজা শিউলী)
উপসচিব (আইন)
ফোনঃ ০২-৫৫০০৭৫৩৬

| | |
|---|---|
| প্রাপক : উপ-পরিচালক<br>বাংলাদেশ সরকারী মুদ্রণালয় (বিজি প্রেস)<br>তেজঁগাও, ঢাকা | অদ্যকার তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করতঃ মুদ্রিত গেজেটের ২০(বিশ) কপি সরকারী কাজে ব্যবহারের নিমিত্ত নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। |

১৭.০০.০০০০.০৪৫.৩৬.০০২.২০-১৪২

তারিখঃ ২৬ অক্টোবর, ২০২১ খ্রিঃ

অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
০২। সিনিয়র সচিব, ............................মন্ত্রণালয়/বিভাগ (সংশ্লিষ্ট)/মহা পুলিশ পরিদর্শক, বাংলাদেশ
০৩। সচিব, .................................... মন্ত্রণালয়/বিভাগ (সংশ্লিষ্ট)
০৪। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা
০৫। জেলা ও দায়রা জজ, সিরাজগঞ্জ
০৬। মহা-পরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাব/কোস্ট গার্ড,............(সংশ্লিষ্ট)
০৭। বিভাগীয় কমিশনার,...........(সংশ্লিষ্ট)
০৮। যুগ্ম-সচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
০৯। উপ-মহাপুলিশ পরিদর্শক,............(সংশ্লিষ্ট)
১০। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ
১১। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, সিরাজগঞ্জ
১২। পুলিশ সুপার, সিরাজগঞ্জ
১৩। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৪। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৫। আঞ্চলিক নির্বাচন কমকর্তা, সিরাজগঞ্জ
১৬। রিটার্নিং অফিসার, সিরাজগঞ্জ, নির্বাচনি এলাকা
১৭। উপ-সচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৮। সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,..........(সংশ্লিষ্ট)
১৯। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, সিরাজগঞ্জ [জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো]
২০। সহকারী রিটার্নিং অফিসার, সিরাজগঞ্জ, নির্বাচনি এলাকা
২১। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,................(সংশ্লিষ্ট)
২২। উপজেলা নির্বাহী অফিসার,.................(সংশ্লিষ্ট)
২৩। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (নি:ব্য:ও স:১)/(বাজেট ও অর্থ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৪। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৫। মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের একান্ত সচিব (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের সদয় অবগতির জন্য)
২৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৭। উপজেলা নির্বাচন অফিসার/ থানা নির্বাচন অফিসার,............... (সংশ্লিষ্ট)
২৮। অফিসার ইনচার্জ,..........................(সংশ্লিষ্ট)
২৯। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

26.10.21

(মোছাঃ শাহীনুর আক্তার)
সিনিয়র সহকারী সচিব (আইন-১)
ফোনঃ ০২-৫৫০০৭৫৬০৭